[illegible]

[illegible]

**Job Category:** Data Entry/Operator/BPO

**Job Source:** [illegible]

## Job Summary

**Posted On:** 10 Oct 2024

**Application Deadline:**24 Oct 2024

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
১৬০ কাকরাইল, ঢাকা-১০০০
Website: ***www.basb.gov.bd***

# নিয়োগ বিজ্ঞপ্তি

প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড এর ৩য় শ্রেণির (১৪-১৬তম গ্রেড) মোট ০৫ (পাঁচ) নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য এবং অসামরিক লোক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী পুরুষ ও মহিলা নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদনপত্র আহবান করা যাচ্ছে ঃ

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | শূন্য পদের সংখ্যা | বেতন স্কেল (জাঃ বেঃ স্কেল ২০১৫ মোতাবেক) | শিক্ষাগত ও প্রয়োজনীয় যোগ্যতা (ন্যূনতম) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) |
| ১। | করণিক (ইউডিএ) (গ্রেড-১৪) | ০১(এক)টি | ১০,২০০-২৪,৬৮০/- | ক। কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>অথবা<br>কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন অবসরপ্রাপ্ত সার্জেন্ট বা সমপদমর্যাদাধারী হতে হবে।<br><br>খ। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>গ। কম্পিউটার টাইপিং দক্ষতা বাংলায় মিনিটে ২৫ শব্দ (সর্বনিম্ন), ইংরেজীতে মিনিটে ৩০ শব্দ (সর্বনিম্ন) থাকতে হবে। | |
| ২। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) | ০৪ (চার)টি | ৯,৩০০-২২,৪৯০/- | ক। কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br><br>খ। কম্পিউটার চালনায় অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; তবে শর্ত থাকে যে, সশস্ত্র বাহিনীর ১৫ (পনের) বৎসরের অভিজ্ঞতাসম্পন্ন অবসরপ্রাপ্ত কর্পোরাল/ল্যান্স কর্পোরাল বা সমপদমর্যাদাধারী প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।<br><br>গ। কম্পিউটার ওয়ার্ড প্রসেসিং, ই-মেইল, ফ্যাক্স মেশিন ইত্যাদি চালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে।<br><br>ঘ। কম্পিউটার টাইপিং দক্ষতা বাংলায় মিনিটে ২০ শব্দ (সর্বনিম্ন), ইংরেজীতে মিনিটে ২০ শব্দ (সর্বনিম্ন) থাকতে হবে। | |

আবেদনপত্র পুরণ এবং পরীক্ষায় অংশ গ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয়ঃ

১। নির্ধারিত ফরমে আবেদনকারীর সাম্প্রতিক সময়ে তোলা ৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড, ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর আগামী ২৪ অক্টোবর ২০২৪ তারিখের মধ্যে সাধারণ ডাকযোগে অথবা অফিসে রক্ষিত বাক্সে (অফিস চলাকালীন সময়ে) পৌঁছাতে হবে।

২। আবেদন ফরমটি বিএএসবি'র ওয়েবসাইট www.basb.gov.bd এবং বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড (বিএএসবি), ১৬০ কাকরাইল, ঢাকা-১০০০ ও জেলা সশস্ত্র বাহিনী বোর্ড সমূহে অফিস চলাকালীন সময়ে পাওয়া যাবে।

৩। (ক) ২৪ অক্টোবর ২০২৪ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বৎসর; তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা, বীরাঙ্গনার সন্তান এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স সর্বোচ্চ ১৮- ৩২ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
(খ) অবসরপ্রাপ্ত সশস্ত্র বাহিনীর সদস্যদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৪৫ বৎসর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৪। ক। মেধা ভিত্তিক ৯৩%, মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য ৫%, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ১% এবং শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের জন্য ১% কোটা নির্ধারণ করা হবে।
খ। প্রার্থীকে মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা, বীরঙ্গনার সন্তান, এই মর্মে সনদ, মুক্তিযোদ্ধা গেজেট এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। এ ক্ষেত্রে প্রার্থীর পিতা/মাতার নাম এবং মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার পুত্র/কন্যা সুস্পষ্টভাবে সনদে উল্লেখ করতে হবে।
গ। শারীরিক প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর ও তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৫। ক। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

খ। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় মূলকপি প্রদর্শন পূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

গ। প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদপত্র)।

ঘ। জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদপত্র।
ঙ। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত।

৬। বিভাগীয় প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করতে হবে।

৭। আবেদনপত্রের সাথে "পরিচালক, বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড" বরাবর সোনালী ব্যাংক ট্রেজারি চালান নং ১৪২২৩২৬ এ পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) জমা করতঃ ট্রেজারি চালান এর মূলকপি সংযুক্ত করতে হবে।

৮। প্রার্থীর নামে ইন্টারভিউ কার্ড প্রেরণের জন্য প্রার্থীর নাম ও পত্র যোগাযোগের ঠিকানা মোবাইল নম্বরসহ (বর্তমান ঠিকানা) সম্বলিত ১০/- (দশ) টাকার ডাকটিকিট সংযুক্ত ৯X৪ ইঞ্চি মাপের একটি খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

৯। আবেদন পত্র প্রেরণের ক্ষেত্রে খামের উপর আবেদনকারী অসামরিক, সশস্ত্র বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্য বা অন্য কোন কোটা ভুক্ত কিনা তা উল্লেখ করতে হবে।

১০। যোগ্য প্রার্থীকে ইন্টারভিউ কার্ড (পরীক্ষার প্রবেশপত্র, পরীক্ষা অনুষ্ঠানের স্থান, তারিখ ও সময়সূচি) যথাসময়ে ডাকযোগে প্রার্থী প্রদত্ত ঠিকানা সম্বলিত খামের মাধ্যমে প্রেরণ করা হবে। এছাড়াও পরীক্ষার পূর্বে পরীক্ষার তারিখ ও সময়সূচী ক্ষুদে বার্তার মাধ্যমে অবহিত করা হবে।

১১। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষার জন্য আহ্বান করা হবে। কম্পিউটার পরিচালনা ও টাইপিং এর উপর ব্যবহারিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১২। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি দেখাতে হবে।

১৩। শৃঙ্খলাজনিত কারণে সশস্ত্র বাহিনীর বরখাস্ত/বাধ্যতামূলক অবসরপ্রাপ্তদের আবেদনপত্র অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

১৪। নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয় নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১৬। এই বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৭। লিখিত, ব্যবহারিক এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।

প্রশাসনিক কর্মকর্তা
বাংলাদেশ সশস্ত্র বাহিনী বোর্ড
এবং
সদস্য সচিব, নিয়োগ কমিটি

আই এস পি আর/২০২৪/৪২৬
৯/১০/২৪